



বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি
Bangladesh Class-III Govt. Employees Association
(একটি অরাজনৈতিক শ্রেণীভিত্তিক পেশাজীবী সংগঠন)

সভাপতি : মোঃ মাহফুজুর রহমান
মোবাইল : ০১৭১৫-৬৬৫৫৪৬
মহাসচিব : মোঃ লুৎফর রহমান
মোবাইল : ০১৯২২-১১৭৫০১

স্মারক নং : বাতসকস/ ২০১৩/১৭

তারিখ : ১৮/০৪/২০১৩

বরাবর

মাননীয় প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

বিষয় : মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাতের সদয় সম্মতির আবেদন।

মহাশয়,

আপনার সার্বিক মঙ্গল ও শুভ কামনা করে সবিনয়ে নিবেদন করছি যে, আমরা প্রজাতন্ত্রের ৩য় শ্রেণীর সরকারি কর্মচারী। আমরা প্রজাতন্ত্রের মোট জনবলের প্রায় ৬০ শতাংশই তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী এবং এদের প্রতিনিধিত্বকারী জাতীয় সংগঠন বাংলাদেশ তৃতীয় শ্রেণী সরকারি কর্মচারী সমিতি। সরকারি জনবলের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণী এই মোট ৪(চার)টি শ্রেণীর মধ্যে ৩য় শ্রেণী কর্মচারীদের বিভিন্ন পদ ও পদবীতে সবচেয়ে বেশী বৈষম্য বিরাজমান। ফলে এ শ্রেণীর কর্মচারীদের মাঝেই বেশী হতাশা ও ক্ষোভ দেখা দেয়। অথচ ৩য় শ্রেণী সরকারি কর্মচারীরাই সকল কর্মক্ষেত্রে প্রশাসনিক ও টেকনিক্যাল যাবতীয় দায়িত্ব সম্পাদনের ভীত রচনা করে থাকেন।


প্রজাতন্ত্রের ৩য় শ্রেণী সরকারি কর্মচারীদের বিদ্যমান বৈষম্য ও অসামঞ্জস্য বিষয়গুলো আপনাকে অবহিত করণের ব্যবস্থা গ্রহণের জন্য আপামর ৩য় শ্রেণী সরকারি কর্মচারীরা দীর্ঘদিন যাবৎ প্রত্যাশা ব্যক্ত করে আসছে। ১লা জুন, ২০১২ অনুষ্ঠিত সমিতির জাতীয় প্রতিনিধি সম্মেলনে নেতৃত্বদ আপনার সহিত সাক্ষাত প্রার্থনা করে বিরাজমান বৈষম্যগুলো সদয় অবহিত করার অনুরোধ জানান। আমরা আপনার সদয় সাক্ষাত কামনা করছি। প্রার্থিত সাক্ষাতের সম্মতি পাওয়া গেলে আপনার উপস্থিতিতে সমস্যাগুলো তুলে ধরতে পারবো এবং ন্যায়সঙ্গত সমাধানের একটা পথ খুঁজে পাবো বলে আশা করি।


অতএব বিনীত প্রার্থনা এই যে, বাংলাদেশ তৃতীয় শ্রেণী কর্মচারী নেতৃত্বদ/প্রতিনিধিবৃন্দকে সাক্ষাতদানের সদয় সম্মতি জ্ঞাপনে কৃতার্থ করবেন।

তারিখ, ঢাকা

সংযুক্ত : আলোচ্য বিষয় বা দাবীসমূহের সংক্ষিপ্ত বিবরণ।

বিনীত নিবেদক


(মোঃ লুৎফর রহমান)
মহাসচিব
০১৯২২-১১৭৫০১


(মোঃ মাহফুজুর রহমান)
সভাপতি
০১৭১৫-৬৬৫৫৪৬